- আমাশয়ে কৃমি - ভালকৈ প্ৰতিদিন পায়খানা ন'হলে ৰসবহ স্ৰোতৰ উৎস আমাশয়ে এক ধৰণৰ কৃমি বা বেণ্টেৰিয়াৰ সৃষ্টি হয় যাৰ ফলত পেটত বায়ু সৃষ্টি হৈ পেট ফুলি থাকে। এনে স্থলত কেঁহা আৰু নিমখিয়া স্বাদযুক্ত ডাৱৰ পানী ভাত খোৱাৰ পিছত খালে সেই কৃমি বা বেণ্টেৰিয়াবোৰ ধ্বংস হয় আৰু ৰোগীও আৰাম পায়।
- প্ৰোষ্টেট গ্ল্যাণ্ডৰ স্বফীতিত বা ফুলি উঠিলে প্ৰস্ৰাৱ এফোট দুই ফোটকে পৰে এনে অৱস্থাত নাৰিকল গছৰ শিপাৰ ৰস উলিয়াই এক

চামুচকৈ ৰাতিপুৱা আৰু আবেলি গাখীৰৰ লগত ৭/৮ দিন খালে উল্লেখযোগ্য উপকাৰ পোৱা সম্ভৱ।

এনেকৈ প্ৰাকৃতিক সম্পদৰ অৱদান আমি নুই কৰিব নোৱাৰো। আৰু যে কিমান ঔষধৰ কথা মনলৈ আহি আছে তাক কৈ বা লিখি মই শেষ কৰিব নোৱাৰো। আমাৰেই আশে পাশে এনেদৰে বৰ্ধিত হোৱা বিভিন্ন সৰু-ডাঙৰ গছ-গছনি, শিপা, লতা, পাত, ফুল ইত্যাদি বিভিন্ন ৰোগৰ কাৰণে মহৌষধ বুলি পৰিগণিত হয়। আনকি আজিও আমাৰ গাঁও অঞ্চলত সৰু-সুৰা ৰোগৰ প্ৰাথমিক চিকিৎসা গাঁওবাসীয়ে নিজৰ ঘৰৰ বনৰীয়া দৰৱৰ দ্বাৰাই কৰি থাকে।

আমি জানো — ‘Nature is the best employer’. আমাৰ যুৱচাম এই সকলো গছৰ খেতি কৰি লাভৱান হ’ব পাৰে। তেওঁলোকৰ প্ৰত্যেকটো বনৌষধিৰ ব্যৱহাৰিক প্ৰয়োগ অথবা ঔষধি গুণাগুণৰ জ্ঞান নাথাকিলেও কোনো ক্ষতি নাই। তেওঁলোকে উৎপাদনত সহায় কৰিলেই হ’ল। প্ৰসঙ্গতে উল্লেখ কৰিব বিচাৰিছো — আমি অসমবাসী খুব ভাগ্যৱান কিয়নো আমাৰ উত্তৰ পূৰ্বাঞ্চল Biodiversityৰ ফালৰ পৰা এটা শ্ৰেষ্ঠ স্থান দখল কৰি আছে। ইয়াত দুৰৰিবনৰ পৰা তাল, তমাল, বট, আঁহত আদি সকলো গছেই ঔষধি গুণযুক্ত। বেদৰ যুগ অথবা ইয়াৰ আগৰ পৰাই আমাৰ দেশত বনৌষধিৰ দ্বাৰা বিভিন্ন চিকিৎসা চলি আহিছে। এই সম্পৰ্কে ইয়াত বহুতো গৱেষণা কৰাৰ সুযোগ আছে। যুগ যুগান্তৰ ধৰি চলি অহা আয়ুৰ্বেদ শাস্ত্ৰৰ পুংখানুপুংখৰূপে অনুশীলন কৰি বনৌষধিৰ বিষয়ে বিশেষ অধ্যয়নৰ দ্বাৰা তাৰ উৎপাদন বৃদ্ধি কৰি আমি মানুহক বিনামূলীয়া সেৱা আগবঢ়াব পাৰো।

গতিকে দেখা গ’ল যে অসমৰ প্ৰায় প্ৰতি জোপা গছেই বনৌষধি। প্ৰকৃতিয়ে অকপটে বিনামূলীয়াকৈ আমাক বনৌষধি দান কৰি আহিছে। আমি কেৱল মাত্ৰ সেইবোৰৰ সদ্ব্যৱহাৰ কৰিবহে লাগে। আমাৰ আশে-পাশে থকা আঁহত, বট, অশোক, ৰক্তচন্দন, মনিছাল (শিকাকাই), পাতেগজা, তুলসী, দুৰৰি বন, বকুল, আম গোটেইখিনিৰ উল্লেখ কৰা একেবাৰে সম্ভৱ নহয়। তথাপি মই পৰৱৰ্তী পৰ্যায়ত সকলো বিধ বনৌষধিৰ

বিস্তৃত উল্লেখ কৰাৰ প্ৰয়াস কৰিম। এনেকুৱা বহুতো গছ-গছনি আছে যি কোনো নহয় কোনো ধৰণে আমাক সুস্থ ৰখাত সহায় কৰে। সেয়েহে প্ৰকৃতিক আমাৰ সৰ্বাস্তঃকৰণেৰে আন্তৰিকতাৰে ৰক্ষা কৰা কৰ্তব্য।

সহায়ক গ্ৰন্থপুঞ্জী :-

১) চিৰঞ্জীৰ বনৌষধি - আয়ুৰ্বেদাচাৰ্য শিৱকালী ভট্টাচাৰ্য (Vol. 1-11) আনন্দ পাবলিচাৰ্ছ প্ৰা. লি. কলিকতা, ১৪০২ বঙ্গাব্দ।

২) সংস্কৃত সাহিত্যৰ বুৰঞ্জী - হৰমোহন দেৱ (গোস্বামী, শান্তনু অবছেট প্ৰিন্টাৰ্ছ, কলিকতা, ২০০২।

৩) বনৌষধিৰ ডায়েবেটিছ চিকিৎসা - ড° গুণৰাম খনিকৰ, নেচনেল টেকনো প্ৰিন্টাৰ্ছ, গুৱাহাটী, ২০০৮।

৪) আয়ুৰ্বেদ জড়ী-বুটী বহস্য - আচাৰ্য বালকৃষ্ণ, দিব্য প্ৰকাশ, পতঞ্জলি যোগপীঠ, ২০০৮।

৫) চৰক সংহিতা - আৰ. কে. শৰ্মা, ভগৱান দাস, চৌখাম্বা সংস্কৃত সিৰিজ, বাৰানসী, Vol. 1, ২০০৬।





বাংলা অনুবাদ

আমাদের দৈনন্দিন জীবনে খাওয়া-দাওয়া একটা বিশেষ স্থান অধিকার করে থাকে। পাকঘরে স্বাদিষ্ট খাবার খেতে হ'লে গৃহিনীর সবচেয়ে বেশি প্রয়োজন বিভিন্ন ধরণের দ্রব্যের ব্যবহার আর তার ব্যবহারিক জ্ঞান।

দ্রব্য মাত্রেরই মূল উপাদান হচ্ছে — পঞ্চমহাভূত, শরীরের পৃথক সত্ত্বাও এই থেকে অন্য কিছু নয়। মানব শরীরের সেই মূল উপাদান বায়ু, পিত্ত, কফ - এই তিনটির মাঝেই সন্নিবিষ্ট করা হয়েছে। ক্ষিতি, অপ, তেজ, মর্ডুৎ এবং ব্যোম্ - এই পাঁচ তত্ত্ব নিয়ে হয়েছে পঞ্চমহাভূত। এর মধ্যে ক্ষিতি এবং অপ্ হয়েছে কফ, তেজ হচ্ছে পিত্ত এবং মর্ডুৎ আর ব্যোমকে নিয়ে বায়ু - এদের সাম্যাবস্থাই নিরোগ দেহ এবং এদের যে কোনো একটির অস্বাভাবিকতাই রোগের সৃষ্টি করে। আবার উপকরণ হিসাবে এই পঞ্চমহাভূতাত্মক দ্রব্যই তার রোগ প্রতিকার করতে সাহায্য করে। এখানে কিছু দৈনন্দিন খাদ্যে ব্যবহৃত হওয়া দ্রব্য আর তার উপযোগীতার বিষয়ে উল্লেখ করা হ'ল।

### হলদি :

শুক্লযজুর্বেদের একটি সূক্তে হরিদ্রা বা হলদি সম্বন্ধে বলা হয়েছে —

“যাস্তে রুচো আতশ্চন্তি রশ্মিভিঃ তাভিনোঁ

সর্বাভৌ রুচে জনায় ন কৃধি হরিদ্রে।”

এই সূক্তটির অনুবাদ হ'ল — হে হরিদ্রা, তোমার শরীরে যে অগ্নিতুল্য কাস্তি বিদ্যমান সেই কাস্তি আমাকে দাও।

এছাড়াও হলদির আরও কিছু ব্যবহারিক উপকারিতা আছে।

- জীবাণু প্রতিষেধক (Anti-Bacterial)।
- প্রস্রাবের জ্বালাপোরা রোধ করে বা কমায়। কাঁচা হলদির রসের

সাথে ১ চাহ চামুচ মধু মিশিয়ে খেলে এই প্রমেহ দোষ দূর হয়।

• কৃমি হ'লে কাঁচা হলদির রস ১০/১২ ফোটা সামান্য পরিমাণ নুন দিয়ে খালি পেটে খেলে এই দোষ আর থাকে না।

• যকৃতের দোষ বা লিভারের সমস্যা হ'লে এক চা-চামুচ হলদির রসের সাথে অল্প মধু মিশিয়ে খাওয়ার ব্যবস্থার বিষয়ে প্রাচীন বৈদ্যগন বলে থাকেন।

• তোতলামি দোষ নিরাময় করার জন্য ২/৩ গ্রাম হলদির গুড়ি অথবা হলদির টুকুরা ঘিয়ে ভেজে কিছুদিন অল্প অল্প করে খেলে তোতলামি কমে যায়।

• মোচকা খাওয়া জায়গাটাতে চূণ, হলদি এবং নুন গরম করে লাগালে ব্যথা আর ফুলা কমে।

• স্বরভঙ্গ - ২ গ্রাম পরিমাণ হলদি গুড়ির সাথে চিনি মিশিয়ে খেলে চর্মরোগের উপকার হয়।

• চর্মরোগ - হলদিচূর্ণর সাথে মাখন মিশিয়ে রোগগ্রস্থ স্থানে লাগালে ভাল ফল পাওয়া যায়।

এছাড়াও পাকঘরে প্রতিদিন হলদি একটি বিশিষ্ট স্থান দখল করে থাকে। কোন মাস্তলিক কার্যই হলদি অবিহনে সম্পন্ন হয় না। সৌন্দর্যবৃদ্ধি এবং প্রসাধনের জন্য ও হলদির বিশেষ ভূমিকা দেখা যায়।

### জিরা :

• অল্পপিত্ত - ৪০০ মিলিগ্রাম ভাজা জিরা চূর্ণ জলের সাথে প্রতিদিন সকালবেলা একবার করে খেলে অল্পপিত্ত, বুকজ্বালা, ক্ষিদে না পাওয়ার কারণগুলো নষ্ট হয় এবং রোগীও আরাম পায়।

• অর্শ - ১ বা ২ গ্রাম জিরা ১০/১৫ ঘণ্টা এক কাপ গরমজলে ভিজিয়ে তার পর ছেকে জলটুকু খেয়ে নিতে হয়। এভাবে কিছুদিন খেলে ভাল ফল পাওয়া যায়।

- স্বরভঙ্গ - দৈর ঘোলের সাথে চা চামচের আধা চামুচ জিরা গুড়ি মিশিয়ে ভাতের সাথে খেলে স্বরভঙ্গ দোষটা ভাল হয়। কিন্তু হাঁপানি থাকা রোগী এই ঔষধটা খাওয়া উচিত নয়।

- গ্রহণী রোগ (Chronic dysentery) - এই রোগ থাকা রোগী যদি ঘরে বানানো দৈর সাথে ৫০০ মিলিগ্রাম ভাজা জিরা গুড়া প্রতিদিন দিনের ৯/১০ র সময় একবার খায় তবে এই রোগ ভাল হয়ে যায়। এই ঔষধটা কম করেও ৮/১০ দিন খেতে হবে।

- কুমি হ'লে ৩/৪ গ্রাম জিরা গুড়ি ২ কাপ জলে ভিজিয়ে এক কাপ থাকতে নামিয়ে ছেকে প্রতিদিন সকাল ও সন্ধ্যায় খেলে এই দোষ নির্মূল হয়।

- বিছা কামড়ালে অথবা ছল ফোঁটালে অল্প পরিমাণে জিরা বেটে সেই আক্রান্ত স্থানে প্রলেপ লাগালে যন্ত্রণা দূর হয়।

### মেথি :

- মেথি অল্পপিত্ত, অজীর্ণ এবং বাতব্যাধিতে ব্যবহৃত হয়। প্রসবাস্তিক দুর্বলতায় মেথি পরম উপকারী।

- পিত্তজনিত জ্বরে ৩ গ্রাম মেথির গুড়া ১ কাপ গরম জলে ভিজিয়ে খেলে জ্বর কমে এবং পিত্তশ্লেষ্মাজনিত শারীরিক অস্বস্তিগুলো যেমন - হাইড্রোপ্রেসার, মাথা ঘোরানো, অগ্নিমান্দ্য, বুক ধরফরানি, শরীর খারাপ লাগা ইত্যাদি দূর হয়।

- অনিয়মিত ঋতুস্রাবে, বাতব্যাধিতে, চুল পরায় মেথি চূর্ণ খেলে ভাল ফল পাওয়া যায়। বিশেষ করে মাসিক সমস্যার ৩ গ্রাম মেথির গুড়ার সাথে ৩/৪ গ্রাম ধনে একসাথে এক গ্রাম ঠাণ্ডা জলে মিশিয়ে সকালে এবং বিকেলে খেলে ভাল ফল পাওয়া যায়।

- বসন্তরোগ হ'লে ৫/৬ গ্রাম মেথিচূর্ণ ১ গ্লাস ঠাণ্ডা জলে ১০/১২ ঘণ্টা ভিজিয়ে সেইজল সারদিন অল্প অল্প করে খেয়ে শেষ করতে হবে।

চিৰসেউজীয়া বনৌষধি//৫৩

### লবঙ্গ বা লং :

লবঙ্গের মূল উৎপত্তিস্থল হচ্ছে মলক্ক দ্বীপ। কিন্তু দক্ষিণ ভারতের কেেরেলা এবং তামিলনাড়ুতে লবঙ্গের চাষ হয়। ভারতবর্ষে লবঙ্গের আমদানি বেশিকরে সিঙ্গাপুরের থেকে করা হয়। লবঙ্গের শুকনো ফলটিকেই আমরা বাজারে দেখতে পাই।

- অতিসার, আমাশয়, গর্ভকালীন অবস্থাতে বমি হ'লে লং ব্যবহার করলে উপকার পাওয়া যায়।

- লবঙ্গের তেল - বাতের ব্যথা, মাথা ব্যথা এবং দাঁত ব্যাথায় লবঙ্গের তেল ব্যবহার করলে ভাল ফল পাওয়া যায়।

- শ্বাসের দুর্গন্ধ - লবঙ্গ মুখে রাখলে মুখ এবং শ্বাসের দুর্গন্ধ দূর হয়।

- নেত্ররোগে - তামার বাসনে লবঙ্গ গুড়ির সাথে মধু মিশিয়ে সেটা চোখে কাজলের মত করে ব্যবহার করলে আরাম পাওয়া যায়।

- অজীর্ণ - ১ গ্রাম লবঙ্গ এবং ৩ গ্রাম হরীতকীর চূর্ণ সিদ্ধ করে মিশ্রণ বানাতে হয়। তারপর সেই মিশ্রণটি অল্প সৈন্ধব লবণ দিয়ে সরবতের মত খেলে অজীর্ণতা দূর হয়।

### এলাচি :

- অজীর্ণতা - দুইটি ছোট এলাচি বাকল সহ বেটে এককাপ জলে মিশিয়ে ভোরবেলা একবার খেলে অজীর্ণতা বা বদহজম ভাব দূর হয়।

- অল্প ঠাণ্ডায় যে সকল ব্যক্তি কষ্ট পায় তাদেরকে ২/৩ টা ছোট এলাচি বেটে সরবত করে খাওয়ালে ঠাণ্ডা লাগা বা গা শির শিরানি ভাবটা দূর হয়।

- শ্বাসকষ্টে দুইটা ছোট এলাচি এবং দুইটা বড় এলাচি একসাথে বেটে এককাপ জলে মিশিয়ে ছেকে খেতে হয়, তাতে শ্বাসকষ্টতে উপকার হয়।

- বমি ভাব - বমি বমি ভাব হ'লে ২ টা বড় এলাচি বেটে ঠাণ্ডা

৫৪//চিৰসেউজীয়া বনৌষধি

জলসহ মধু মিশিয়ে খেলে এই অসুবিধাটা আর থাকে না।

- চুলকানি হ'লে বড় এলাচি বেটে শরীরে লাগালে এই সমস্যা দূর হয়।
- গায়ের দুর্গন্ধে বড় এলাচি বেটে গায়ে মাখলে গায়ের দুর্গন্ধ দূর হয়।
- গায়ের ব্যাথা বা অঙ্গমর্দন - অনবরত গায়ে হাতে পায়ে কামড়ানি বা ব্যাথা অনুভূত হ'লে, অথবা কেহ মালিশ করলে সাময়িক আরাম হয়, এরকম অবস্থায় দুইটা বড় এলাচি জল দিয়ে বেটে গরম জলের সাথে সকালে এবং বিকেলে দুইবার খেলে কিছুদিনের ভিতর এই অসুবিধেটা দূর হয়।
- খিঁচধরা - হাইতোলা বা কোনো ভারী জিনিষ তুলতে গিয়ে শরীরের কোন অংশে খিচানি ধরলে ২টা এলাচি গরম জলের সাথে খেয়ে দিলে আরাম হয়।

#### তেজপাতা :

- তেজপাতা সিদ্ধ জলে স্নান করলে চুলকানি ভাল হয়।
- স্বরভঙ্গ ৫/৬ টা তেজপাতা পাটায় পিষে ৩/৪ কাপ জলে সিদ্ধ করে তার পরে সিদ্ধ জল ১ কাপ থাকতে নামিয়ে ৫/৬ ঘণ্টার ভিতরে ৩/৪ বার অল্প অল্প খেলে স্বরভঙ্গের সমস্যা কমে যায়।
- স্মৃতিভ্রংশ হ'লে ৫/৭ গ্রাম তেজপাতা জলে সিদ্ধ করে সেই জল সকালে আর বিকেলে দুবার খেলে উপকার হয়।
- ফোড়া হ'লে তেজপাতা বেটে লাগালে ব্যাথা দূর হয় এবং রোগীও আরাম পায়।
- ঘামাছি হ'লে তেজপাতা বাটা গায়ে মেখে ১ ঘণ্টা পর স্নান করলে ঘামাছির সমস্যা থেকে রক্ষা পাওয়া যায়।
- সৌন্দর্য হানি হ'লে ৫/৬ গ্রাম তেজপাতা ছোট ছোট করে কেটে

চিবসেউজীয়া বনৌষধি//৫৫

২ কাপ গরম জলে ১০/১২ ঘণ্টা ভিজিয়ে দিনে দুইবার সেই জল খেতে হয়। এভাবে ২ সপ্তাহ খেলে আবার সৌন্দর্য ঘুরে আসবে।

#### দারুচিনি :

- দারুচিনি উত্তেজক, পাচক, বলকারক এবং সৌগন্ধিক দ্রব্য। কর্ণস্বরের বিকৃতিতে ১ গ্রাম দারুচিনি বেটে আধাকাপ গরমজলে ভিজিয়ে সকালে খেলে স্বরবিকৃতি দূর হয়।
- দারুচিনির তেল মাথার ব্যাথা, দাঁতের ব্যাথা এবং জিহ্বার জড়তা নাশের ক্ষেত্রে উৎকৃষ্ট কাম করে।

#### সর্ষা :

- যে কোন ধরণের কুষ্ঠরোগে খাটী সর্ষের তেল ব্যবহার করা হয়।
- ঝিঝি বাত বা স্নায়ু সঙ্কোচ হ'লে অর্থাৎ কোন অঙ্গের শিরায় টান ধরলে এবং প্রচণ্ড ব্যাথা অনুভূত হ'লে ৩ গ্রাম সর্ষে বেটে জলসহ অল্প লবণ মিশিয়ে সরবতের মত দুইবেলা খেলে এই সমস্যার সমাধান হয়।
- পেটে বায়ু হ'লে ১ গ্রাম সাদা সর্ষা বেটে ১ কাপ জলে মিশিয়ে সরবতের মত খেলে এই পেটফাঁপা ভাব আর থাকে না।
- দাঁতের মাড়ির থেকে রক্ত পড়লে ৩ ভাগ সর্ষের সাথে ১ ভাগ সৈন্ধব লবণ মিশিয়ে দাঁত মাজলে আরাম পাওয়া যায়।

এছাড়াও আমাদের দৈনন্দিন ব্যবহার্য আরও বহুত ঔষধিগুণযুক্ত দ্রব্য আছে যার গুণাগুণ আমি লিখে শেষ করতে পারব না। আমরা এখানে মাত্র ৮ প্রকার মশলার অল্পমাত্র গুণাগুণ উল্লেখ করেছি। স্বাস্থ্যরক্ষায় এইসবের ভূমিকা অতুলনীয়।

এইসাথে সহজলভ্য কিছু বনৌষধি আর তার উপকারিতার উল্লেখ করা হ'ল —

৫৬//চিবসেউজীয়া বনৌষধি

### অপরাজিতা :

একপ্রকার ভেষজ লতা। এর সাদা ও নীল দুইরকম পুষ্প দেখতে পাওয়া যায় এবং এই উভয়প্রকার গাছই বনৌষধি রূপে জ্ঞাত।

কি কি রোগের প্রতিষেধক রূপে এই গাছের ব্যবহার হয়—

- মূর্ছা বা senseless হ'লে এই গাছের মূল, পাতা এবং কাণ্ডের রস বের করে ১ চামচ আন্দাজ রস রোগীকে দিলে খাইয়ে তৎক্ষণাৎ রোগী আরোগ্য লাভ করে।

- ঘন ঘন প্রস্রাব - ছোট ছোট ছেলেমেয়েদের ক্ষেত্রে অথবা বয়সস্থ মানুষের ক্ষেত্রেও কখনও কখনও বারে বারে প্রস্রাবের বেগের প্রবণতা দেখা যায়। এই ক্ষেত্রে সাদা এবং নীল যে গাছই হউক তার শিকড় গাছ এবং পাতার থেকে একসাথে রস বের করে প্রত্যহ ১ চা-চামচ পরিমাণ নিয়ে ২ বার করে অল্প দুধের সাথে মিশিয়ে খেলে উপকার হয়।

- শুকনো কাসি - এইক্ষেত্রে অপরাজিতার শিকড়ের রস ১ চা-চামচ আধা কাপ গরম জলে মিশিয়ে ১০/১৫ মিনিট গারগেল করতে হয় যাতে মুখের ভিতরের আলজিহ্বাতে গরম ভাপ অনুভূত হয়।

- এই রোগে সাধারণত যে কোন মানুষের কপালের অর্ধভাগে বিরক্তিকর ব্যাথা অনুভূত হয়। তখন অপরাজিতা গাছের মূল ও পাতা একসাথে খেঁতো করে রস বের করে নাকে নস্যি বা গরম জলে সেই রস দিয়ে নাকে ভাপ নিলে ২/৩ দিনের মধ্যে এই আধকপালি ব্যাথা কমে যায়।

- মেধা বৃদ্ধিতে - শ্বেত অপরাজিতা থেকে তৈয়ারী কাথ (শিকড় পাতা এবং গাছ থেকে) গরম ভাতের সাথে খেলে মেধা বা স্মৃতি বৃদ্ধি হয়। কিন্তু সাথে লবণ খাওয়া বারণ।

- শ্বেত অপরাজিতার শিকড়ের ১ টুকড়া কমরে বেধে রাখলে সাদাঙ্গারের সমস্যা হয় না।

### অশোক :

চরক সুশ্রুত প্রভৃতি গ্রন্থে অশোক গাছকে বায়ুবিকারের ক্ষেত্রে ব্যবহার করা হয়। কেননা বায়ু পিত্ত কফের সাম্যাবস্থাই আমাদের শরীরকে নীরোগী করে রাখে।

- রক্ত বন্ধ করতে সাহায্য করে। অশোক গাছের অতিরিক্ত রক্তক্ষরণে বাধা সৃষ্টি করার ক্ষমতা রাখে এবং এর শুকনো ফুল সেবন করলে ডাইবেটিস রোগ কমে।

- স্নায়ুগত বাতে - প্রায়ই মাংসপেশীসমূহ টান হয়ে সংকুচিত হয়, যন্ত্রণার সৃষ্টি করে, এই ক্ষেত্রে ১২ গ্রাম অশোকের ছাল অল্প খেঁতো করে ৪ (চার) কাপ জলে সিদ্ধ করে ১ কাপ থাকতে নামিয়ে ছেকে সেই জলে ১ গ্রাম পরিমাণ সৈন্ধব লবণ মিশিয়ে সকালে এবং বিকেলে দুবার খেতে হয়। কিন্তু হাইব্রাডপ্রেসার রোগীর জন্য এই ঔষধ ব্যবহার করা উচিত নয়।

### মেহেন্দি :

- আর্থারাইটিস অথবা জইন্টপেইন হ'লে ২০০ গ্রাম মেহেন্দি পাতার সাথে এরগুপাতা ৮/১০ টা নিয়ে একসাথে পাটায় পিষে ব্যাথা থাকা জায়গায় লাগাতে হয়। এই মিশ্রণ ৮/১০ ঘণ্টা অর্থাৎ বিশেষতঃ রাতে শুতে যাবার সময় কাপরে বেঁধে লাগালে এবং সকালে খুলে দিলে বহুত আরাম হয়। মনে রাখতে হবে যে এরগুপাতায় যাতে বিছা প্রভৃতি পোকা না থাকে। এভাবে দুইদিন ব্যবহার করলে পর দেখা যাবে ব্যাথাটা অনেক কম।

- মেহেন্দি পাতার সাথে সমপরিমাণ দুর্বা নিয়ে মিশ্রণ তৈয়ার করে লাগালে যে কোনো ধরণের রক্তপাত খুব তাড়াতাড়ি বন্ধ হয়। কিছু বছর আগে আমাদের হোস্টেলের কর্মচারী পঙ্কজ তালুকদারের হঠাৎ সকালবেলা পায়ের একটা নার্ভ ছিড়ে সাংঘাতিক ধরণে রক্তপাত হওয়াতে রক্ত কোনভাবেই বন্ধ হচ্ছে না দেখে আমি কলার আগপাতায় মেহেন্দি দুর্বা এবং হলদির একটা পেঁপে বা মিশ্রণ বানিয়ে সেই ফোয়ারার মত রক্ত ছিটকে পরা ৫৮//চিৰসেউজীয়া বনৌষধি

জায়গাটায় কাপড় দিয়ে বেধে দিলাম, তাতে সাথে সাথে রক্ত বন্ধ হয়ে গেল। তারপর ওকে ডাক্তারের কাছে নিয়ে যাওয়া হয়েছে এবং এই পর্যন্ত ওর আর এইধরনের সমস্যা হয় নি।

### ধুতরা :

- Back painর জন্য ৮/১০ টা ধুতরা পাতার রসের সাথে একদম অল্প চূণ মিশিয়ে ব্যাথায় লাগালে এবং তাতে অল্প গরম সেক দিলে আধাঘণ্টার ভিতরে ব্যাথা কমে যায়।

- টাক রোগে অর্থাৎ মাথার কোন জায়গায় টাক দেখা দিলে ধুতরা পাতার রস একদিন পর একদিন চুল না থাকা জায়গায় কিছুদিন লাগালে ভাল ফল পাওয়া যায়। টাক মানে মাথার কোন কোন জায়গায় একেবারেই চুল না থাকা ও মসৃণ হয়ে যাওয়া।

- স্তনে ব্যাথা হ'লে কাঁচা হলদি এবং ধুতরা পাতা একসাথে বেটে অল্প গরম করে ব্যাথা জায়গাটায় লাগালে আরাম পাওয়া যায়।

### নিম :

- অর্জীর্ণে নিমের ছাল ৪/৫ গ্রাম ১ কাপ গরম জলে রাতি ভিজিয়ে ছেকে সকালবেলা খেলে ভাল ফল পাওয়া যায়।

- ব্লাডসুগার বা রক্তে শর্করা বৃদ্ধি হ'লে ১০ টা নিমপাতার সাথে ৫টা গোলমরিচ চিবিয়ে খেতে হয়।

- নিম antibacterial। এছাড়াও, নিম রক্ত শুদ্ধি করা, সৌন্দর্য বৃদ্ধিতে, চর্মরোগ নিরাময়ের ক্ষেত্রে বিশেষ ভাবে উপকার করে। নিমের দাঁতন ব্যবহারে দাঁত ভাল থাকে। নিমগাছের হাওয়া স্বাস্থ্যের পক্ষে উপকারী।

### কুল বা বড়ই :

- বগাঙ্গ্রাবের সমস্যা নির্মূল করে। বড়ই গুটির ভিতরের অংশের গুড়ির সাথে চাউল ধোয়া জল বা সাদা চন্দন ঘষে আধা চা-চামচ অল্প দুধের

সাথে খেলে অল্পদিনের ভিতরে এই সমস্যা দূর হয় এবং সাদা শাবজনিত (শ্বেতপ্রদর) সমস্যা গুলি যেমন রোগ হওয়া, মাথা ব্যাথা, থিন্ থিন্ স্বভাব ইত্যাদি সমস্যাগুলিও দূর হয়।

- অতিসার বা আমাশয় রোগে শুকনো বড়ইর গুড়া ৩/৪ গ্রাম অল্প দৈর সাথে খেলে উপকার হয়।

- মেদ রোগে - পেট বা শরীরের নিম্নাংশের মেদ কমানোর জন্য প্রতিদিন বড়ইর ৫ গ্রাম কাঁচা পাতা বেটে সরবৎ করে খেলে উপকার পাওয়া যায়। এক্ষেত্রে একবেলা ভাত এবং একবেলা রুটি খাওয়া বিধেয়।

### দুর্বা :

- যে কোন ধরনের রক্তক্ষরণ বন্ধ করে। দুর্বীর দ্বারা শান্তিজল ছিটালে আয়ুবুদ্দি হয়।

- শ্বেতপ্রদর (white discharge) জনিত দুর্বলতা-দুর্বীর সাথে কাঁচা হলদির রস সমান পরিমাণে মিশিয়ে অল্প কাঁচা দুধের সাথে খেলে উপকার হয়।

- ক্ষতে - চরক সংহিতায় উল্লেখ আছে — চারগুণ দুর্বীর রসে পাক করা ঘি লাগালে যে কোন দুপ্ত ব্রণ বা দূষিত ক্ষত শীঘ্রে পূরণ হয় অর্থাৎ ভাল হয়ে যায়।

- নাসার্শ বা এওয়া ভাঙ্গা - কখনও রোগীর নিজের অজান্তেই নাক থেকে রক্ত বেরিয়ে আসে। তখন দুর্বা একমুঠি, আমরার ছাল, এক টুকরা হরিতকী এবং ডালিমের ফুল একটা পাটায় পিষে রস বের করে নাকে এক দুই ফোটা দিলে সাথে সাথে রক্ত পরা বন্ধ হয়।

- অর্শরোগে আধা গ্লাস জলে ৫ চা-চামচ দুর্বীর রস আর ১ চা-চামচ মধু ভাল করে মিশিয়ে ৭ দিন পর্যন্ত খেলে অর্শরোগজনিত রক্তপরা বন্ধ হয়।

- পায়োরিয়া রোগ - দুর্বা শুকিয়ে গুড়ি করে সেই গুড়ি দিয়ে দাঁত মাজলে পায়োরিয়া থেকে আরাম পাওয়া যায়।

### এলোভেরা :

- চর্মরোগ বাদেও কলেষ্ট'রেল, ডায়েবেটিছ, কোষ্ঠকাঠিন্যর কারণে উপকারী। এটা সৌন্দর্যবৃদ্ধিতে সাহায্য করে।
- সকালে খালিপেটে আধা কাপ জলের সাথে ২ চা-চামচ এলোভেরার রস খেলে সারদিন শরীর সজীব ও শক্তিসম্পন্ন (energetic) থাকে।

### শেফালি পাতা :

- এই পাতার রস লোহার কড়াইতে গরম করে ২ চা-চামচ পরিমাণ খেলে বহুদিন ধরে ভুগে থাকা জ্বর কমে যায়। কমপক্ষে তিনদিন সকালে এই ঔষধটি খেলে ভাল ফল হয়।
- সায়েটিকা বাতে ৮/১০ টা শেফালি পাতা ভাল করে থেতৌ করে ৪/৫ কাপ জলে সিদ্ধ করে ১ কাপ থাকতে নাসিয়ে ছেকে সকালে এবং বিকেলে কিছুদিন খেলে আস্তে আস্তে যন্ত্রণার উপশম হয়।

### যমলাখুটি (কেমুক) :

- জণ্ডিস্ রোগ ভাল করে। জণ্ডিসের জন্য যমলাখুটির ডাটা ১ ফুট/১২ ইঞ্চি পরিমাণ কেটে তার থেকে রস বার করে কাঁচা দুধের সাথে সকাল সকাল খেলে ৭-১০ দিনের ভিতরে জণ্ডিস ভাল হওয়া পরিলক্ষিত হয়।

### রসুন :

- এজমার জন্য ভাল। এছাড়াও ব্লাডপ্লেসার, ব্লাডডিজর্ডার, বাতের ব্যাথা, কেশার, চর্মর সমস্যা দূর করে।
- আধা গ্লাস দুধে ৪/৫ কোষ রসুন সিদ্ধ করে এক কাপ থাকতে নামিয়ে খেলে বহুদিন ধরে ভুগে থাকা সায়েটিকার ব্যাথা ভাল হয়।
- দুই বা এক কোষ রসুন চিবিয়ে খেয়ে অল্প দুধ খেলে এই সকল ক্ষেত্রে উপকার হয়—

১) স্পল্ল মেধায়, ২) বিস্মরণে অর্থাৎ ভুলে গেলে, ৩) কৃমি হ'লে, ৪) রাতকানা, ৫) চুলকানি, ৬) পাথুরী রোগ, ৭) জীর্ণজ্বর বা ভিতরে ভিতরে জ্বর হ'লে, ৮) শরীরের জড়তা দূর করে।

- পায়ের তলায় কর্ণ হ'লে অর্থাৎ কোন কোন জায়গায় টান টান ছালের (চামড়া শক্ত হয়ে) জন্য ব্যাথা অনুভূত হ'লে রসুন এক কোষ দুই টুকুরা করে ভিতরের অংশটি একটা কাপড় বা bandaid দিয়ে পায়ের তলায় শক্ত হয়ে থাকা জায়গাটাতে লাগিয়ে রাখলে ব্যাথা দূর হয় এবং শক্ত মাংসটুকুও নরম হয়ে যায়।

### তুলসী :

- তুলসীর গুণাগুণ আমি বলে শেষ করতে পাবব না। কুষ্ঠরোগ, মাথা ব্যাথা, দাঁতের ব্যাথা, কফ, কুকুরীকানা, মেলেরিয়া, বাতের ব্যাথা, স্বরভঙ্গ, ব্রণ, শ্বেতদাগ প্রভৃতি ভাল করে।
- ছোট ছোট ছেলে মেয়েদের কাসি হ'লে প্রতিদিন সকালে ৫/১০ ফোটা তুলসীপাতার রসের সাথে ২/৫ ফোটা মধু মিশিয়ে খাওয়ালে উপকার পাওয়া যায়। অবশ্যে সকল বয়সের মানুষের জন্য এই ঔষধটি প্রযোজ্য।

### লজ্জাবতী লতা :

- অর্শরোগ, ডায়েরিয়া, বিছনায় প্রস্রাব করা বন্ধ হয়। লজ্জাবতী লতার একটা কাণ্ড বালিশের নীচে রেখে শুলে রাতে ভাল ঘুম হয়।

### আদা :

- হজমের গোলমাল, কাঁহ বা কফ, শ্বাসকষ্ট, দাঁতের ব্যাথা, জ্বর, যে কোন ধরণের বিষ ব্যাথার জন্য ব্যবহার হয়।
- বসন্ত রোগ - আদার রস ১ চা-চামচ ও তুলসী পাতার রস ১ চা-চামচ একসাথে মিশিয়ে খাইয়ে দিলে বসন্তের গুটিগুলো তাড়াতাড়ি শরীরে বেরিয়ে আসে। পরে সেগুলোতে রক্তচন্দন বেটে লাগালে রোগী আরাম পায়।

- আমবাত হ'লে অর্থাৎ শরীরের বিভিন্ন স্থানে হঠাৎ ফুলে উঠা দেখা যায়। সে অবস্থায় গুরুর সাথে আদার রস মিশিয়ে খেলে অল্প সময় পরে আরাম অনুভব হয়।

#### গেঁদাফুল :

- দাঁতর ব্যাথা, এজমা, রক্তক্ষরণ, প্রস্রাবের সংক্রমণ, জ্বলাপুরা ভাল করে।

- ফুল - এর ফুল চোখের বিভিন্ন রোগ, পুরানো ঘা বা ক্ষতে, রক্ত দোষনাশক হিসাবে ব্যবহৃত হয়।

- সমগ্র অংশ - এই গাছের সমগ্র অংশ বাতে, পুরাণো সার্দিকশির দোষে, কৃমি নাশক এবং মুত্রকারক হিসাবে এর উপযোগীতা আছে।

- ফোঁড়া হ'লে যদি সেটা নাপাকে এবং অত্যধিক যন্ত্রণা অনুভূত হয় সেক্ষেত্রে গেঁদাফুলের পাতা বেটে অল্প গরম করে সেই ফোঁড়াতে লাগিয়ে দিলে তাড়াতাড়ি পেকে যায় এবং যন্ত্রণার উপশম হয়।

#### নিসিন্দা :

সংস্কৃত নাম সিন্দুবার।

- স্মৃতিশক্তি বর্ধক - ঘিয়ের সাথে প্রতিদিন দুইটা করে নিসিন্দা পাতা ভেজে খেলে স্মৃতিশক্তি বৃদ্ধি পায়।

- ফোঁড়া - তিল তেলের সাথে নিসিন্দা পাতার রস (তেলের দ্বিগুণ রস হতে হবে) একসাথে পাক করে সেই তেল প্রয়োগে ফোঁড়া পাকে, ফাটে এবং শুকায়।

- মেদবৃদ্ধিতে - স্কুলদেহ অর্থাৎ পেটমোটা মানুষ কিছুদিন জলের সাথে নিসিন্দা পাতার আধাগ্রাম মাত্রায় গুড়া এক চিমটি করে খেলে তাড়াতাড়ি ভূঁরি কমে এবং মোটা হওয়া ভাবটাও কমে যায়।

- জয়েন্ট পেইন - ৩/৪ গ্রাম নিসিন্দা পাতা সিদ্ধ করে ছেকে সেই জলটা খেয়ে নিতে হয়। কিন্তু হাইব্রাডপ্রেসারের রোগী এই পথ্যটা খেতে পারে না।

#### কারিপাতা বা নরসিংহ গাছ :

সংস্কৃতে ইহার নাম সুরাভিনিষ। দাক্ষিণাত্যে ইহাকে কারিপাতা বলে জানা যায়। বাংলায় এই পাতার নাম বরসুংগা, মিঠানিম বা কারিপাতা।

- ইহার পাতা, ছাল, শিকড় বা মূল এবং ফল সমগ্র অংশ ঔষধ হিসাবে ব্যবহৃত হয়।

- পাতা, ছাল, মূল বা শিকড় (সমগ্র গাছ) অগ্নিদীপক, বলকর, উত্তেজক, পাকস্থলীর পক্ষে হিতকর।

- পাত - ইহার রস আমাশয় বা রক্ত আমাশয় (পায়খানার সাথে আম যাওয়া) নাশক এবং বলকারক। বমিনাশক এবং পাতা বেটে লাগালে চুলকানিও বন্ধ হয়। ক্ষিদে বৃদ্ধি করে।

- শিকড় বা মূল - উত্তেজক, বলকর, চুলকানি নাশক। কীট দংশনে ব্যবহার করিলে যন্ত্রণার থেকে আরাম পাওয়া যায়।

- ফল - ইহার ফল অতিসার নাশক।

#### মানিমুনি বা থানকুনি :

সংস্কৃতে এই লতাটির নাম তাস্ত্রী। আমরা সাধারণত ইহাকে থানকুনি বা মানিমুনি লতা বলেই জানি।

- মানিমুনি পাতার রস ৫/৬ চা চামচ অল্প গরম করে ১ কাপ দুধের সাথে অল্প চিনি মিশিয়ে খেলে চুলপরা বন্ধ হয়, কৃশতা অর্থাৎ রোগ হয়ে যাবার প্রবণতা নষ্ট হয় আর যাদের অস্বাভাবিক ঘাম হয় তাদের জন্যও উপকার হয়।

- বারে বারে পায়খানা হতে থাকলে ৩/৪ চা চামচ থানকুনি পাতার রস কাচা দুধের সাথে খেলে ভাল ফল পাওয়া যায়।

- মুখের ঘা হ'লে এই পাতা সিদ্ধ জলে কুলি করলে মুখের ঘা ভাল হয়।



• শিশুদেরকে মাঝে মাঝে এই পাতার রস খাওয়ালে জ্বর, পেটের অসুখ এইগুলি হয় না এবং লিভারও ঠিক থাকে।

### পেপে :

সংস্কৃত নাম অমৃততুষ্ণী।

• রক্তার্শে - প্রতিদিন কাঁচা পেপের আঠা ৫/৭ ফোটা বাতসার মধ্যে ভরিয়ে কিছুদিন খেলে রক্ত যাওয়া বন্ধ হয় এবং অর্শজনিত ব্যাথাও দূর হয়।

• মাসিক ঋতুবন্ধে - যে সকল মহিলাদের মাসিক বন্ধ হওয়ার সময় হয় নি অথচ বন্ধ হয়ে গেছে সে স্থলে পাকা পেপের বীজ ৫/৭ টা গুড়ো করে রোজ সকালে ও বিকেলে জলের সাথে গুলে খেলে কিছুদিনের ভিতরে আরাম পাওয়া যায় এবং সমস্যাটোও দূর হয়। কিন্তু টিউমারজনিত কারণে মাসিক ঋতুবন্ধ হলে ডাক্তারের পরামর্শ নেওয়া উচিত।

• দাদ - যে কোন প্রকারের দাদ হলেও কাঁচা পেপের আঠা একদিন পর একদিন - এভাবে ৩/৪ দিন লাগালে উপকার হয়।

• একজিমা রোগে - দুদিন অন্তর অর্থাৎ দুইদিন পর পর কিছুদিন ছোট কাঁচা পেপের আঠা একজিমা হওয়া জায়গায় প্রয়োগ করলে একজিমার জায়গাটা খুব জ্বলাপুра করে কিন্তু পরে ঠিক হয়ে যায়। সেই জায়গার চামড়া পাতলা হতে থাকে এবং স্বাভাবিক হয়।

### অর্জুন :

• মেচেতা - অর্জুনের ছালের মিহি গুড়ি মধুর সাথে মিশিয়ে মুখে লাগালে মেচেতা অর্থাৎ মুখমণ্ডলে ছিট্ ছিট্ পরার সমস্যাটো দূর হয়।

• ফোড়া - অর্জুনের পাতা দিয়ে ঢেকে রাখলে ফোড়া ফেটে যায় এবং পাতার রস দিলে ফোড়া তাড়াতাড়ি শুকায়।

• মচকা খেলে বা হাড়ে চিড় ধরলে - অর্জুন ছালের সাথে অল্প রসুন বেটে গরম করে মচকা খাওয়া জায়গায় লাগালে আরাম পাওয়া যায় এবং

চিবসেউজীয়া বনৌষধি//৬৫

ব্যাথাও দূর হয়। এর সাথে অর্জুনছালের চূর্ণ ২/৩ গ্রাম মাত্রায় আধা চা চামচ ঘি আর ¼ কাপ দুধের সাথে মিশিয়ে খেলে আরও তাড়াতাড়ি উপকার হয়।

### অমৃতবল্লী বা গিলোয় :

সংস্কৃত নাম অমৃতবল্লী এবং গুড়ুচী।

• নেত্ররোগ - অমৃতবল্লীর ১১.৫ গ্রাম রসের সাথে ১ গ্রাম মধু আর ১ গ্রাম সৈন্ধব লবণ মিশিয়ে ভাল করে খরলে গুড়ো করে কাজল বানিয়ে চোখে লাগালে রাতকাণা আদি অনেক প্রকার নেত্ররোগ ভাল হয়।

• এছাড়া গিলোয় বা অমৃতবল্লীর রসে ত্রিফলা মিশিয়ে ঘন মিশ্রণ বানিয়ে তাতে পিপলি চূর্ণ বা মধুর সাথে প্রতিদিন সকালে আর বিকেলে সেবন করলে নেত্রজ্যোতি বৃদ্ধি পায়।

• জণ্ডিস বা কামলা রোগ - অমৃতবল্লীর ২০/৩০ গ্রাম কাথ বা ঘন মিশ্রণের সাথে ২ চা চামচ মধু মিশিয়ে দিনে ৩/৪ বার খাওয়ালে জণ্ডিস রোগ ভাল হয়।

• ডায়েবেটিসের এইটা একটা মহৌষধ গিলোয় ১ ইঞ্চি টুকরা পরিমাণ কেটে অল্প খেঁতলে ১ কাপ জলে আগের দিন বাতে ভিজিয়ে পরদিন সকালে খালিপেটে জলটা খেতে হয়। এভাবে ১০ দিন খেলে অনেক উপকার হয়।

### আম :

• আমাশয় - অতিমাত্রায় আম পায়খানায় কচি আমপাতা এবং জামপাতার রস ২/৩ চা চামচ অল্প গরম করে খেলে আমাশয় ভাল হয়ে যায়।

• অকালে দাঁত পরে যাওয়া - কচি আমপাতা দুটো চিবিয়ে সেইটা দিয়ে দাঁত মাজলে দাঁত নড়েও না এবং পরেও যায় না।

• পা-ফাটায় - যাদের গোড়ালি ফাটে তারা আমগাছের নরম আঠার সাথে অল্প ধূপের গুড়ি মিশিয়ে ফাটা জায়গায় লাগালে উপকার পাবে।

৬৬//চিবসেউজীয়া বনৌষধি

- খুসকি (dandruff) - আমের আটির শাঁস এবং হরিতকী একসাথে দুধ দিয়ে বেটে মাথায় লাগালে খুসকি কম হবেই।

- বহুমূত্র - আমের নতুন পাতা শুকিয়ে গুড়া করে খেলে বহুমূত্র রোগ ভাল হয়।

- পাঁচড়া বা ঘাঁ হ'লে - আমের আঠা, লেবুর রস ও নারিকল তেল মিশিয়ে পাচড়ায় ব্যবহার করলে ভাল ফল পাওয়া যায়।

- অজীর্ণে - অতিরিক্ত মাছ খাওয়ার পর অজীর্ণ বা বদহজম হ'লে কাঁচা আম খেতে হয়। অতিরিক্ত মাংস ভোজনে অজীর্ণ হ'লে আমের আটির শাঁস খেলে অজীর্ণতা দূর হয়।

- অকালপক্কতায় - খেতলানো ছোট ছোট আমের গুটি ৫/৬ গ্রামের সাথে ২/৩ টুকরা আমলকির পেস্ত একসাথে ১০/১২ চা চামচ নিয়ে লোহার পাত্রে জলে ভিজিয়ে রাখতে হয়, তারপর সেই মিশ্রণটি চুলে ভাল করে লাগিয়ে অল্পক্ষণ পরে ধুয়ে নিলে অকালপক্কতা রোধ করা সম্ভব হয়।

### আমলকি :

আমলকির সংস্কৃত নাম ধাত্রী।

- অম্লরোগে (acidity) - শুকনো আমলকি ৩/৪ গ্রাম ১ গ্লাস গরম জলে আগের দিন রাতে ভিজিয়ে রেখে পরদিন ভাত খাওয়ার আগে খেয়ে দিলে অম্লরোগ থেকে রক্ষা পাওয়া যায়।

- আমলকির রস মাতৃস্তন্য বৃদ্ধি করে, সেজন্য এর আরেকটা নাম ধাত্রী।

- প্রস্রাব সংক্রান্ত যে কোন রোগের জন্য ৩/৪ গ্রাম আমলকির রস অথবা আমলকির টুকরা সেবন করার বিধান দেওয়া হয়েছে শাস্ত্রে।

- বমন বা বমি — শুকনো আমলকি ৩/৪ গ্রাম জলে ভিজিয়ে দুই ঘণ্টা বাদে আধা চা চামচ শ্বেতচন্দন আর অল্প চিনি মিশিয়ে খেলে বমি বন্ধ হয়।

- শ্বেতপ্রদর - এই রোগে দুইটা কাঁচা আমলকির রসের সাথে অল্প চিনি বা মধু মিশিয়ে খেলে উপকার পাওয়া যায়।

- দৃষ্টি ক্ষীণতায় - কম বয়সের ছেলেমেয়েদের দৃষ্টিশক্তি ক্ষীণ হ'লে নিয়মিত কিছুদিন আমলকির রস ২/৩ চামচ ১ চামচ মধু মিশিয়ে সকালে খেলে বহুত উপকার পাওয়া যায়।

- অনিদ্রায় - কাঁচা বা শুকনো আমলকি কাঁচা দুধের সাথে বেটে অল্প মাখন মিশিয়ে মাথায় লাগালে খুব তাড়াতাড়ি ঘুম আসে।

### অশথ গাছ :

- দন্তরোগ - অশথ এবং বট গাছের ছালের সমান মাত্রা বা পরিমাণ নিয়ে খেতলে জলে সিদ্ধ করে কুলি করলে দাঁতের রোগ ভাল হয়।

- তোতলামি - অশথ গাছের পাকা ফলের চূর্ণ আধা চা চামচ মাত্রায় নিয়ে মধু মিশিয়ে সকাল ও সন্ধ্যায় সেবন করলে তোতলামি দূর হয় আর কথাও বহুলাংশে স্পষ্ট হয়।

- অরুচি - অশথ গাছের পাকা ফল খেলে কফ, পিত্ত, রক্তদোষ, বিষদোষ, দাহ, বমন এবং অরুচি নাশ হয়।

### এরগু গাছ :

- বাতের ব্যাথা - যে কোন ধরনের বাতের ব্যাথার জন্য এরগু গাছের পাতা গুটি এবং শিকড় একসাথে পিষে ব্যাথায় প্রলেপ লাগালে উপকার পাওয়া যায়।

- এরগু গাছের গুটির তেল (রেড়ির তেল) দ্বারা মালিশ করলে বাতব্যাথায় বহুত আরাম হয়। এইটি বাতের ব্যাথার মহৌষধ।

- স্তন বৃদ্ধিতে - এরগু গাছের পাতার রস খেলে অথবা পাগ ছেঁচে স্তনে প্রলেপ লাগালে স্তন বৃদ্ধি হয়।

- কোষ্ঠ-কার্ঠন্য (constipation)- মলদ্বারে রেড়ির তেল প্রয়োগে বহুদিনের অপরিষ্কৃত মল স্বাভাবিক হয়।

• আর্থারাইটিস্ - এরণ্ড গাছের পাতা ৮/১০ টা নিয়ে অল্প মেহেন্দি পাতার সাথে বেটে ঘন মিশ্রণ তৈয়ার করে হাঁঠুতে ৮/১০ ঘণ্টা পর্যন্ত প্রলেপটি বেঁধে রাখলে ব্যাথা একেবারেই দূর হয়ে যায়। রাতে শুতে যাবার সময় প্রলেপটি বেঁধে এবং সকালবেলা খুলে দিলে সারাদিন হাঁঠু ব্যাথাটা প্রায় অনুভূত না হয় বললেই চলে। মনে রাখতে হবে যে এরণ্ড পাতায় যাতে বিছা আদি পোকা নাথাকে।

### কলমী শাক :

সংস্কৃত নাম কলম্বী। এর পাতা শিকড় এবং সম্পূর্ণ গাছটাই মহৌষধ।

• শিশুর জন্মের সময় অতিরিক্ত স্রাব (bleeding) বন্ধ করে, গনোরিয়া ভাল হয়।

• আফিং খাওয়ার জন্য বিষক্রিয়ায় - আফিং খেয়ে ঢলে পরা অবস্থায় আধা কাপ জলের সাথে ২ চামচ কলমীর রস পান করলে রোগীর স্বাভাবিক অবস্থা ঘুরে আসে।

• স্তনের ব্যাথা বা ঠুনকো হ'লে - কখনও কখনও স্তনে অতিরিক্ত দুধ জমে খুব ব্যাথা অনুভূত হয়। তখন কলমী শাক বেটে গরম করে স্তনে লাগালে যন্ত্রণা কমে যায় এবং দুধও ভাল ভাবে নিঃসরণ হয়।

• ছলের দংশনের যন্ত্রণা - বোলতা, ভীমরুল, মৌ-মাখি ছল ফুটালে সাথে সাথে কলমী শাক বেটে লাগালে যন্ত্রণা কমে যায় এবং আর জ্বালাও করে না।

• ফোঁড়া - ভিতরে পুঁজ জমে আছে কিন্তু বের হচ্ছে না এই ধরনের ফোঁড়ার ওপরে কলমীর শিকড় আর আগের অংশ (ডগা)টি বেটে প্রলেপ দিলে ফোঁড়ার মুখ বোরায এবং রোগীর কষ্টও কম হয়।

• বসন্তের প্রতিষেধক হিসাবে - ঘরে কার ও বসন্ত হয়েছে। তখন বাড়ীর বাকী সদস্যরা প্রতিষেধক হিসাবে কলমীর রস ২ চা চামুচ দুধের সাথে খেলে বসন্তরোগের আক্রমণ থেকে রক্ষা পেতে পারে।

শাস্ত্রমতে উল্টারথের পরদিন থেকে রাসপূর্ণিমার পূর্বের একাদশী পর্যন্ত কলমী শাক খাওয়া নিষেধ।

### কালজীরা :

• কালজীরা বা কলোঞ্জী শরীরের রসবহ স্রোতের বিকারজনিত রোগের ক্ষেত্রে ব্যবহৃত হয়।

• মাসিক রোগে - যে সকল মহিলা অনিয়মিত অথবা স্বল্প বা অধিক স্রাবের জন্য কষ্ট পেতে থাকেন তাহারা ঋতুমতী হবার ৫/৭ দিন আগের থেকে কুমকুম গরম জলের সাথে ৫০০ মিলিগ্রাম বা এক চিমটি কালজীরার গুড়া প্রত্যেকদিন সকালে এবং সন্ধ্যায় দুবার করে ২ মাস খেলে এই অসুবিধাটি নির্মূল হয়।

• স্তন্যপ্লাতায় - কালজীরা কড়াইতে সামান্য ভেজে ৫০০ মিলিগ্রাম পরিমাণ গুড়ি ৭/৮ চামচ দুধের সাথে প্রতিদিন সকালে ও সন্ধ্যায় দুবার করে খেলে উপকার পাওয়া যায়।

• সর্দি হ'লে - কালজীরার গুড়ি সর্ষের তেল এবং রসুন সহ গরম ভাতের সাথে খেলে সর্দির প্রভাব অনেকটা কমে।

### কলা :

সংস্কৃত নাম কদলী। কলাগাছের সমগ্র অংশই বনৌষধি।

• মোচার রস ঘিয়ের সাথে ভেজে খেলে ডাইবেটিস্ রোগের নিরাময় হয়। মোচার রস ২/৩ চা-চামচ মাত্রায় ৮/১০ ফোটা মধুর সাথে মিশিয়ে সকালে ও রাতে সেবন করা বিধেয়।

• কন্দমূল এবং কাণ্ড বলকারক। দূষিত রক্তে এবং যৌন সংসর্গজনিত ব্যাধিত ব্যবহার করা হয়। কলার শিকড় বা মূলের রস কৃমি নাশ করে। মোচার রস কলেরার রোগীর তৃষণ নিবারণে এবং রক্তবমিতে উপকারী।

• কাচকলা সিদ্ধ বংশগত চুলকানি এবং পোরা ঘা (জ্বলে যাওয়া ঘা) বা ক্ষতে প্রলেপ হিসাবে ব্যবহার করলে ভাল ফল পাওয়া যায়।

• গোড়ালি ফাটায় - কলার বাকলি পুড়িয়ে নারিকেল তেলের সাথে মিশিয়ে মিশ্রণ তৈয়ার করে ফাটা জায়গায় লাগালে অল্প দিনের মধ্যেই উপকার পাওয়া যায়।

• পুরাণো অজীর্ণ বা যে কোন পেটের অসুখ হ'লে - কলার শুকনো পাতার বৃত্তাংশ, শিকড় আদি পুরে কলাক্ষার বানানো হয়। সেই ক্ষার তরকারীতে দিয়ে খেলে রোগীর অগ্নিবল বৃদ্ধি পায় এবং বিভিন্ন ধরনের পেটের অসুখের মূল নাশ হয়।

• প্রদর রোগ (white discharge) - বাকলির সাথে কাচকলা টুকরা টুকরা করে কোট রোদে শুকিয়ে গুড়ি করে ছাকনি দিয়ে ছেকে ২ গ্রাম মাত্রায় নিয়ে গুড়ের সাথে সকালে ও সন্ধ্যায় চেষ্টে চেষ্টে খেলে ভাল ফল পাওয়া যায়।

• কানের ব্যাথা বা কাণ কটকটনিত - কলাগাছের মাঝের পাতা যেটা গোল গোল হয়ে থাকে অর্থাৎ একেবারে খুলে যায় নি, সেইরকম পাতার রস বের করে অল্প গরম করে দুইফোটা পরিমাণ কানে দিলে কানের ব্যাথা কমে যায়। এইটির উল্লেখ সুসুত সংহিতাত আছে।

• স্বরভঙ্গ - ভীমকলার বা আঠিয়াকলার বাকলি পুরে তার ছাই জলে সিদ্ধ করে লাল চায়ের মত পান করলে স্বরভঙ্গ অতি শীঘ্রে ভাল হয়।

### কামরাঙ্গা :

• বায়ুবিকার, পিত্তবিকার এবং শ্লেষবিকার আয়ুর্বেদের এই তিনপ্রকারের বিকারের ভিতরে কামরাঙ্গা বায়ুবিকার দূর করে। মূত্রাশয়ে বায়ুবিকারের ফলে মূত্রাঙ্গতা হয়, পেট ফুলা ভাব অথবা পাতলা পায়খানা (দাস্ত) হ'লে মিষ্টি পাকা কামরাঙ্গার রস অল্প জল ও চিনি মিশিয়ে ২/৩ চা চামচ পরিমাণ খাইয়ে দিলে রোগী আরাম পায়।

• জন্টিসের জন্য কামরাঙ্গা মহৌষধ এটি পিত্তবিকার দূর করে।

• অর্শরোগ - মিষ্টি কামরাঙ্গা টুকরা টুকরা করে কোট রোদে শুকিয়ে রেখে দিতে হয়। পরে দেড় গ্রাম কামরাঙ্গা এবং আদার গুড়া নিয়ে জলসহ প্রতিদিন দুবার করে খেলে অর্শের রক্তপরা বা যন্ত্রণা দূর হয়।

চিবসেউজীয়া বনৌষধি//৭১

### খেজুর :

• পুরাণো ব্রহ্মইটিস্ - ২০/২৫ গ্রাম পাকা খেজুর চার কাপ জলে ভিজিয়ে ২৫০ গ্রাম থাকতে নামিয়ে ছেকে প্রত্যেকদিন দুইবেলা খেলে পুরাণো বা ক্রনিক ব্রহ্মইটিস্ দূর হয়।

• খেজুর বলকাষক। নাড়ীর (nerve) দুর্বলতা দূর করে। এইটি মূত্রকারক। গনোরিয়াজনিত মূত্রনলীর প্রদাহে ব্যবহৃত হয়।

• অল্প পরিশ্রমেই হৃদয়দৌর্বল্য - ২০/২৫ গ্রাম পাকা খেজুর ডের কাপ জল সহ বেশ কিছুদিন খেলে রক্তবহ শ্রোতের ক্ষয় বন্ধ হয় আর হৃদয় দৌর্বল্যতাও দূর হয়।

• দন্তশূল - খেজুর গাছের শিকড়ের রস দাঁতে লাগালে দাঁতের ব্যাথা বা দন্তশূল ভাল হয়।

• তৃষণরোগে - বারে বারে গলা শুকিয়ে যায় এবং পিপাসা লাগে, এই অবস্থায় ১৫/২০ গ্রাম খেজুর ১ গ্লাস জলের সাথে খেয়ে নিলে এই ধরনের তৃষণ রোগের নিবারণ হয়।

• অপুষ্ট সন্তান হ'লে - অপুষ্ট সন্তানের ৫/৬ মাস বয়সের পর একটা খেজুরের চার ভাগের একভাগ দুধের সাথে মিশিয়ে বা সিদ্ধ করে খাওয়ালে বাচ্চার পুষ্টিসাধন হয়।

• খুসখুসে কাসি - আগের দিন রাতে ২০/২৫ গ্রাম খেজুর গরমজলে ভিজিয়ে রেখে পরদিন সকালে সেই জলসহ খেজুর টুকু খেয়ে নিলে এই ধরনের কাসি কমে যায়।

### লাউ :

• পিত্তশ্লেষ্মাজনিত জ্বরে - জ্বরের সাথে জ্বলাপুরা, বমি বমি ভাব থাকলে লাউর এক টুকরা আঙুলে পুরিয়ে রস বের করে ৩/৪ চামচ রসের সাথে আধা চা চামচ মধু মিশিয়ে খাওয়ালে গা জ্বলা এবং বমি ভাব দূর হয়, জ্বর ও কমে।

৭২//চিবসেউজীয়া বনৌষধি

• অম্লরোগ (acidity) - আঙুলে পুরা একটুকরা লাউর রস বের করে ২/৩ চামচ নিয়ে একটু মধু মিশিয়ে খেলে অম্লরোগ ভাল হয়।

• অর্শ (piles) - কোষ্ঠকাঠিন্যতার জন্য অর্শরোগ হ'লে এবং ব্যাথার সাথে তেজস্করণ হ'লে লাউর একটুকরা পুরে রস বের করে চিনির সাথে খেলে ভাল ফল পাওয়া যায়।

#### রুদ্রাক্ষ :

• সংক্রামক রোগ বিশেষ করে বসন্তরোগ প্রতিষেধক বলে বহুত মানুষে গলায় ধারণ করে। রাজস্থানের বৈদ্যগণ এই রোগে রুদ্রাক্ষ ঘষে গায়ে মাখতে দিয়ে থাকেন।

• শ্লেষ্মার আধিক্যে অর্থাৎ কফ বা শ্লেষ্মার জন্য যে সকল রোগের সৃষ্টি হয় তাতেও রুদ্রাক্ষ ব্যবহৃত হয়।

• টি. বি. রোগের (ক্ষয়রোগের) প্রথম অবস্থায় তুলসী মঞ্জুরীর সাথে রুদ্রাক্ষ চন্দনের মত ঘষে খাওয়ালে অনেক উপকার হয়।

#### নয়নতারা :

• মধুমেহ বা ডায়েবেটিস্ রোগে নয়নতারা ভেষজটি কাথরূপে (পাতা শিকড় এবং গাছের একসাথে মিশ্রণ) ৮/১০ দিন খেলে রক্তে চিনির পরিমাণ দ্রুত কমতে থাকে। সাথে বাকী উপসর্গগুলিও হ্রাস পায়।

• রক্তপ্রদর - যাদের সাসে একাধিকবার মাসিক হয়, তারা ১ মাস নয়নতারার কাথটি জলের সাথে খেলে ভাল ফল পাবেন। মাসিক নিয়মিত হ'লে আর খাওয়ার দরকার নাই।

• হাইব্রাডপ্রেসারে নয়নতারার কাথ (pulp) সেবন করলে রক্তের উচ্চচাপ হ্রাস পায়। ৮/১০ দিন ব্যবহারের পর উচ্চ রক্তচাপ পরীক্ষা করা উচিত।

• সন্ধিবাত বা joint pain হ'লে - গাঠে গাঠে যন্ত্রণা, ফোলা বা জ্বলাপুরা কিছুই নাই, সেক্ষেত্রে নয়নতারার (সমগ্র গাছের) কাথ বা pulp

চিৰসেউজীয়া বনৌষধি//৭৩

বানিয়ে তিল তেলের সাথে পাক করে ব্যবহার করলে যন্ত্রণা কমে। তথাপিও joint pain হ'লে বিশেষজ্ঞের পরামর্শ নেওয়া উচিত।

• ভল্লা, ভীমরুল প্রভৃতি পোকাকার দংশনে - ভল্লা, ভীমরুল, মৌমাছি, ভোমরা, পিঁপড়া, কাঠপিঁপড়া প্রভৃতির হলের যন্ত্রণা বা কামড়ের বিষের থেকে তাড়াতাড়ি আরোগ্য পেতে হলে নয়নতারার পাতা খেতে হলে সেই পাতার সাথে রসটোও বিষবেদনা থাকা জায়গায় লাগিয়ে দিলে আরাম পাওয়া যায়।

#### চালকুমড়া :

এই কুণ্ডা বা চালকুমড়া সম্পর্কে সুশ্রুত সংহিতায় বলা হয়েছে যে কাঁচা ছোট চালকুমড়া পিত্তবিকার রোধ করে, অল্প বড় হ'লে ইহা কফনাশক হয় এবং পাকলে এই কুমড়া লঘু, অগ্নিবল বৃদ্ধিকারক, মলমূত্র সংক্রান্ত রোগ প্রশমক হয়। বক্ষগত রোগে এর বিশেষ প্রভাব পরিলক্ষিত হয়। বলা হয় চালকুমড়া খেলে চিত্তবিকার দূর হয়।

• হৃদরোগ - হৃদযন্ত্র বৃদ্ধি হ'লে রোগীকে পাকা চালকুমড়ার হালুয়া খাওয়াতে লাগে। কিন্তু হালুয়াটো ছাগলের দুধ দিয়ে বানালে বেশি উপকার হয়।

• কোষ্ঠকাঠিন্য - বালক বা বৃদ্ধ উভয়ের ক্ষেত্রেই চালকুমড়ার রস ৪/৫ চা চামচ অল্প দুধ মিশিয়ে গরম গরম খাওয়ার বিধান দেওয়া হয়েছে। এভাবে খেলে প্রস্রাব এবং পায়খানা দুইটাই পরিষ্কার হয়ে যায়।

• পেট ফাঁপা বা পেট ফুলে উঠলে এবং প্রস্রাব ভাল করে না হ'লে কুমড়ার রস পেটে মালিশ করলে ১০/১৫ মিনিটের ভিতর আরাম পাওয়া যায়।

#### বাসা (বাসক - শ্বেতপুষ্প) :

• অল্পপিত্ত রোগ - এই রোগে দীর্ঘদিন ভুগে থাকলে অল্পশূল, হৃদরোগ, ব্লাডপ্রেসার এমনকি কেশর ও হতে পারে। সেইজন্য এই ৭৪//চিৰসেউজীয়া বনৌষধি

অল্পপিত্তকে দমন করতে হ'লে ৭/৮ গ্রাম বাসকের ছাল চারকাপ আন্দাজ জলে সিদ্ধ করে ১ কাপ করে প্রতিদিন ২/৩ বার খেলে বিশেষ উপকার হয়।

- গায়ের দুর্গন্ধ গায়ের স্থান বিশেষে ঘামের দুর্গন্ধ দূর করতে হ'লে এই পাতার রস লাগাতে হয় তাতে দুর্গন্ধ আর থাকে না।

- বসন্তের সংক্রমণ - সারা পাড়াই বসন্ত রোগে আক্রান্ত, এর থেকে রক্ষা পাওয়ার জন্য বাসকের পাতা সিদ্ধ করে জলের সাথে মিশিয়ে প্রতিদিন খেলে এই ভয় আর থাকে না।

- খোস পাঁচড়াতে - গোমুত্রে বাসকের পাতা বেটে লাগালে নিশ্চিত নিরাময় হয়।

#### বাসা (বাসক - তাম্বপুষ্প) :

- ছপিং কাসের জন্য এই তাম্বপুষ্প বাসকের রস অতি উপকারী।
- এই পাতার রস রক্তপিত্তজনিত অসুখ ভাল করতে সাহায্য করে।
- স্ত্রীদের অতিরিক্ত রক্তস্রাবের রোধের ক্ষেত্রেও এই পাতার ব্যবহারের জন্য চিকিৎসকরা পরামর্শ দিয়ে থাকেন।

#### তেঁতুল (যমদুতিকা) :

- বসন্ত হ'লে - ৩ গ্রাম তেঁতুল পাতার সমান হলদির পাতা, না হ'লে কাঁচা হলদি বাটা একসাথে ছেকে সরবৎ করে খাওয়ালে বসন্তের গুটিগুলো পেকে যায়।

- আমাশয় - বহু পুরানো আমাশয় হ'লে ৪/৫ গ্রাম পাতা সিদ্ধ করে ছেকে নিয়ে জলটা অল্প জিরা ফোড়ণ দিয়ে খেলে ২/৩ দিনের ভিতরে বহুদিনের পুরাণো আমাশয় ভাল হয়ে যায়।

#### বুট (ছোলা বা চনক) :

- রক্তপিত্ত - বুট ২৫ গ্রাম আগের দিন রাতে ভিজিয়ে রেখে পরদিন ৩/৪ কাপ জলে সিদ্ধ করে সেই বুট সহ জলটা দিনে ৩/৪ বার করে খেতে হবে। এভাবে কিছুদিন খেলে এই রোগের থেকে রক্ষা পাওয়া যায়।

চিবসেউজীয়া বনৌষধি//৭৫

- ব্রণ বা মেচেতা হ'লে - বুট ভিজিয়ে বেটে মুখে লাগালে এই সমস্যা থেকে অব্যাহতি পাওয়া যায়।

- মেহ রোগ - প্রস্রাবের জ্বলাপূরা অথবা পুঁজের মত স্রাব হ'লে প্রতিদিনে বুট ভিজিয়ে তার জলটা খেতে হয় এবং সাথে বুট সিদ্ধ করে তার জুস্টা খেলেও উপকার হয়।

#### বাঁশ :

- অর্শের যন্ত্রণায় কাতর বা রোগাক্রান্ত ব্যক্তিকে গায়ে তেল মেখে বাঁশ গাছের পাতা সিদ্ধ করে গা ধোয়ালে উপকার পাওয়া যায় বলে আত্রেয় ঋষি বলেছেন।

- ইউনানি গ্রন্থে উল্লেখ আছে - বাঁশ পাতার রস মধু মিশিয়ে খেলে কাসি ভাল হয়।

- সন্ধিবাত বা joint pain হ'লে কোমল বাঁশপাতা গরম করে প্রলেপ দিলে ব্যাথা আর ফুলা দুইটাই কমে যায়।

#### ডালিম :

- নাকের থেকে রক্তস্রাব হ'লে - ডালিমের ফুলের রস নাকে দিলে নাক থেকে রক্ত পড়া বন্ধ হয়।

- কৃমি হ'লে - ডালিমের মূলের ছাল চূর্ণ ১-৩ গ্রাম মাত্রায় (বয়সানুযায়ী) চূণের জলসহ খেলে উপকার হবেই।

- শ্বেতপ্রদর বা white discharge হ'লে সাদা চন্দনের সাথে ২/৩ টা ডালিমের ফুল বেটে দুধ বা এক কাপ জলের সাথে ৩/৪ দিন খেলে উপকার পাওয়া যায়।

#### ভুঙ্গরাজ :

- পায়োরিয়া - ভুঙ্গরাজের পাতা চূর্ণ দিয়ে মাজনের মত ২/৪ মিনিট দাঁত মেজে মুখ ধুয়ে নিতে হয়। এভাবে করলে পায়োরিয়ার দোষটা কেটে যায়।

৭৬//চিবসেউজীয়া বনৌষধি

• শোথ - সারা শরীর অথবা হাত-পা অল্প ফোলা ফোলা ভাব হ'লে ২৫/৩০ ফোটা এই পাতার রস দুধের সাথে খেলে এই সমস্যাটো দূর হয়।

• দাদ - ভূঙ্গরাজের রসের প্রলেপ দিলে ভাল কাজ হয় দাদের ক্ষেত্রে।

• জণ্ডিস্ - জণ্ডিস্ হ'লে ভূঙ্গরাজের পাতার রস খাওয়ালে উপকার পাওয়া যায়।

### শিরীষ (উদ্দানক) :

• ইন্দুর কামড়ালে শিরীষ গাছের ছাল বেটে দংশন করা জায়গায় অর্থাৎ যেখানে কামড়েছে তাতে প্রলেপ দেওয়া অবশ্য কর্তব্য, সাথে গাছের ছালের রসও পান করতে হয়।

• আধকপালির ব্যথা মানে কপাল ও মাথার অর্ধভাগে ব্যথা অনুভূত হ'লে শিরীষ গাছের ছালচূর্ণ অথবা বীজচূর্ণ নস্যি হিসাবে দিনে দুইবার নিলে এই অসুবিধা দূর হয়।

• দাঁত নড়লে এই গাছের মূলের ছাল চূর্ণ দিয়ে দাঁত মাজলে দাঁত এবং মাড়ি দুয়োটাই শক্ত হয়।

### দারুহরিদ্রা (দারুহলদি) :

• ব্রণ বা মেচেতা - এই কাঠ ঘষে চন্দনের মত প্রলেপ লাগালে বিশেষ উপকার হয়।

• মুখের ক্ষতে - এই কাঠ ঘষে মধু মিশিয়ে লাগালে মুখের ঘাঁ ভাল হয়।

• কোষবৃদ্ধিতে (hydrocele) - মোটাপা বা মেদবহুল দেহে, শরীরে কফের প্রাধান্য থাকলে দারুহরিদ্রার কাঠ ১২ গ্রাম ২/৩ চামচ গোমুত্রের সাথে ২৫০ গ্রাম জলে ফুটিয়ে ছেকে খেতে হয়। তাতে এই ক্ষেত্রে সুফল পাওয়া যায়।

### কদম (কদম্ব) :

• শিশুদের কুমি হ'লে কদমের পাতা শুকিয়ে গুড়া করে খাওয়াতে হয়। ৪/৫ বছরের শিশুকে ৩ গ্রেণ বা এক চিমটি মাত্রায় সকালে ঠাণ্ডার দিনে একবার খাওয়াতে হবে। যদি না কমে তখন সকালে এবং বিকেলে দুবার খাওয়াতে হবে।

• অব্রুদ বা টিউমার হ'লে কদমের কোমল পাতা চন্দনের মত বেটে সহ্য করা মত গরম করে টিউমারের উপরে লাগালে ব্যাথা এবং ফোলা কমে যায় এবং রোগীর আরাম হয়।

• কোষবৃদ্ধিতে - কদমের পাতা বেটে ফোলা জায়গায় লাগালে ব্যাথা এবং ফোলা দুইটাই কমে যায়।

• কদমের ছাল জ্বরনাশক এবং বলকারক।

### ডুমুর :

• শ্বেতী রোগে - ডুমুরের শুকনো ছাল ১০ গ্রাম পরিমাণ খেঁতলে চার কাপ জলে সিদ্ধ করে এক কাপ আন্দাজ নামিয়ে ছেকে সেই জলটা দিনে দুবার খেলে শ্বেতীজনিত শরীরের সাদা দাগগুলির রং স্বাভাবিক হতে থাকে। মাঝে মাঝে ডুমুরের শাক এবং সজি ও খেতে হয়।

• অপুষ্টিজনিত ক্ষীণ হ'লে - পাকা ডুমুর কেটে রোদে শুকিয়ে প্রতিদিন ৫ গ্রাম মাত্রায় আধা কাপ দুধ এবং দুই কাপ জলে সিদ্ধ করে সেই ডুমুর সহ দুধের মিশ্রণটা খেলে ভাল ফল পাওয়া যায়।

### সজনে/সাজনা :

• হাইব্রাডপ্রেসার - সাজনার পাকা পাতার টাটকা রস দুইবেলা খাওয়ার ঠিক আগে আগে ২/৩ চামচ খেলে এক সপ্তাহের ভিতরে প্রেসার কমে যায়। কিন্তু ব্লাডসুগারের রোগীর এই ঔষধটি সেবন করা উচিত নয়।

• অব্রুদ রোগ বা tumour - ফোঁড়ার প্রথম অবস্থায় ফুলে উঠলে (Greasdular swelling) অথবা আঘাতজনিত ব্যাথা এবং ফোলায়

৭৮//চিবসেউজীয়া বনৌষধি

চিবসেউজীয়া বনৌষধি//৭৭

সাজনার পাতা বেটে অল্প গরম করে লাগালে ফোঁড়া বা টিউমার বেশিভাগ ক্ষেত্রে মিলে যায় এবং ব্যাথার সাথে ফোলাও কমে যায়।

- সাময়িক জ্বর বা জ্বর জ্বর ভাব হ'লে - সর্দিজ্বর হ'লে অল্প পাতার ঝোল করে খেলে বা শাক বানিয়ে খেলে এরকম জ্বরের উপশম হয়।
- হিক্কা (Hiccup) - হিক্কা উঠে থাকলে ২/৫ ফোটা পাতার রস দুধের সাথে ২/৩ বার খেলে হিক্কা উঠা বন্ধ হয়।
- দাঁতের মাড়ি ফোলা - স্লেথাজনিত কারণে দাঁতের মাড়ি ফুললে পাতার কাথ বা সাজনা পাতার ঘন রস ২৫ মিনিট সময় মুখে নিয়ে রাখলে ভাল ফল পাওয়া যায়।
- কুষ্ঠরোগে (Leprosy) - কুষ্ঠরোগের প্রথম অবস্থাতে সাজনা বীজের তেল ব্যবহার করলে উপকার হয়। তেল বানাতে না পারলে গুটি বা বীজ বেটে কুষ্ঠের ক্ষততে প্রলেপ লাগালে ভাল ফল পাওয়া যায়।
- দাদা (Ring worm) - সাজনার মূল বা শিকড়ের ছালের প্রলেপ দ্বারা দাদ ভাল হয় কিন্তু এই ঔষধটা প্রতিদিন ব্যবহার করতে হয় না।

#### পটল :

- বসন্তরোগের জন্য পটল খুব উপকারী। বসন্তরোগে আক্রান্তরোগীর শুকনো ছাল গুলি পরে যাবার জন্য এবং কালো দাগগুলি নিশ্চিহ্ন হবার জন্য পটল পুরে তার রস গায়ে মাখলে শুকনো ছাল এবং কাল দাগ দুইটাই আর থাকে না।
- ফোঁড়া - কখনও কখনও দেখা যায় ফোঁড়াটা ভাল করে পাকে নি এবং লাল হয়ে আছে, সেক্ষেত্রে পটলের শাঁস বা ভিতরের অংশটো পুরিয়ে কাপড়ে নিয়ে ফোঁড়ার উপরে লাগালে খুব তাড়াতাড়ি ফেটে যায়।
- নখের চামড়া ছিড়ে গেলে, আঙ্গুলহাড়া হ'লে অর্থাৎ আঙ্গুল ফুলে উঠলে বাকলি সহ পটল সেকে অল্প কেটে ভিতর থেকে গুটি বের করে ব্যাথা থাকা আঙ্গুলটো তাতে ভরিয়ে রাখলে অল্প পরে আঙ্গুলের ব্যাথা কমে যায় এবং আরাম হয়।

• মুখের দুর্গন্ধ - পটল পোরা রসের সাথে মধু অথবা তিল তেল মিশিয়ে কুলি করলে এই অসুবিধাটো দূর হয়।

#### পাণ :

- পাণের রোগনাশিনী শক্তি সম্পর্কে জানতে হ'লে প্রথমে জেনে নেওয়া ভাল যে স্লেথাপ্রধান রোগে পানের রস বেশি ব্যবহার করা দেখা যায়।
- দাঁতের মাড়ির দূষিত ক্ষতে পুঁজ জমতে থাকলে পাণের রসের সাথে অল্প জল মিশিয়ে বার বার কুলি করলে মাড়ির ক্ষত শুকায় এবং রোগীও আরাম পায়।
- পুরাণো দাদ বা চুলকানিতে পানের রস ঘষে দিলে দাদ ভাল হয় অল্পদিনের ভিতরে।
- কাণের পুঁজ হ'লে ২/১ ফোঁটা পাণের রস অল্প গরম করে কাণে দিলে আরাম পাওয়া যায়।
- মাথায় উকুণ হ'লে অসমীয়া পাণ পাতার (মোটো ঝাঁজযুক্ত পাণ) রস প্রয়োগ করলে কিছুদিনের মধ্যে উকুণ সব মরে যায়।
- নখকুনি হ'লে - পাণের রস গরম করে দিনে ৩/৪ বার নখের কোণায় প্রয়োগ করলে ব্যাথার থেকে রক্ষা পাওয়া সম্ভব।

#### জবা :

- বমির জন্য - কোন কুখাদ্য যেমন নিজের অজান্তে চুল, মাছি প্রভৃতি পেটে গেলে গা বমি বমি লাগে — তখন ৪/৫ টা জবাফুল নিয়ে বোটার সাথে যে সবুজ অংশ থাকে সেই অংশটুকু বাদ দিয়ে ফুলের পাপড়ি গুলো খেঁতলে রস বের করে সরবাতের মত খেয়ে নিলে বমি হয়ে পেটের ভিতরের খারাপ মিনিষ গুলো বেরিয়ে আসে।
- মুত্রাতিসারে - অতিরিক্ত প্রস্রাব হ'লে জবা গাছের ছালের রস এক চা চামচ পরিমাণ নিয়ে জলসহ কিছুদিন খেলে এই অসুবিধাটা আর থাকে না।



- অনিয়মিত মাসিক রোগে - দুই একদিন অল্প অল্প থাকে অথবা একেবারেই হয় না অথবা একমাস ধরে মাসিক হয়ই নি, সেক্ষেত্রে দুইযতিনটি পঞ্চমুখী জবাফুলের কুরি এবং দারচিনি আধা গ্রাম বা এক গ্রাম একসাথে বেটে সরবতের মত কিছুদিন খেলে অনেকের ক্ষেত্রেই মাসিক সমস্যাটি স্বাভাবিক হওয়া পরিলক্ষিত হয়। কিন্তু যদি কোন শারীরিক বিকলতা থাকে তখন চিকিৎসকের পরামর্শ নেওয়া প্রয়োজন।

- মাসিকের অতিস্রাব - এই অসুবিধাটি অতিমাত্রায় বৃদ্ধি পেলে পঞ্চমুখী জবাফুলের দুইটি কুরি ঢেকিছাঁটা আতপ চাউল ধোয়া জলের সাথে বেটে এবং এক কাপ পরিমাণ জলের সাথে মিশিয়ে সরবতের মত খেলে মাসিকের অতিস্রাব স্বাভাবিক হয়।

- টাকপোকা লাগলে - কখন কখনও দেখা যায় মাথার কোন কোন জায়গায় চুল উঠে একেবারে মসৃণ হয়ে যায় যেন চুলগুলো তেলপোকা খেয়ে দিয়েছে এইরকম লাগে, গৌঁফ-দাঢ়িতেও এইরকম অবস্থা দেখা যায়। এটা এক ধরনের ফাঙ্গাস ইন্ফেকশন (fungus infection), একে চিকিৎসকগণ বলে থাকেন 'এলোপোসিয়া এরিয়েটা'। এক্ষেত্রে জবাফুল বেটে চুল না থাকা জায়গায় লাগালে আবার চুল গজে উঠে। কিন্তু বেশিদিন হলে অথবা সেই জায়গাটা কোমল হয়ে গেলে এই পদ্ধতিতে নিরাময় হওয়া মুশ্কিল বা সহজ নয়।

### পেয়ারা :

- শরীরের কোন জায়গায় কাটলে অথবা সাধারণ ঘাঁ হলে পেয়ারা গাছের কয়েকটা পাতার ঘনমিশ্রণ কাপড় দিয়ে সেই ক্ষত জায়গায় বেঁধে দিলে কাটা বা ঘা শুকিয়ে যায়।

- অত্যধিক পাতলা পায়খানা হলে এবং সাথে বমি হলে পাতা সিদ্ধ সেই জলটা অল্প অল্প করে খেলে বমি বন্ধ হয়, পায়খানার বেগও আস্তে আস্তে কমে আসে।

- পেয়ারার কচি পাতা বা কুরি অল্প খেতলে রাতে আধা কাপ জলে

ভিজিয়ে সকালে সেই জল দুই/এক ঘণ্টা পর পর তিন/চার বার করে খাওয়ালে শিশু বা ছেলে মেয়ে দের পেটের অসুখ ভাল হয়।

- পেয়ারার ফুলের মাঝে স্নিগ্ধকারক শক্তি আছে এবং এটা মস্তিষ্ক ঠাণ্ডা রাখে। ফুলকে গরম জলে ভিজিয়ে চোখের ক্ষত হলে ব্যবহার করতে পারি।

- ফল বলকারক, স্নিগ্ধকর, তৃষণ এবং দাহনাশক। কষা পেয়ারা ধারক, সেজন্য কষা পেয়ারা ঘন করে বেটে খাওয়ালে অতিসার ভাল হয়।

- পুরাণে পেটের অসুখে বা অজীর্ণে অর্থাৎ বদহজমে পেয়ারা গাছের ছাল এবং পাতা একসাথে সিদ্ধ করে খাওয়ালে অথবা কেবল শিকড়ের (মুলের) ছাল সিদ্ধ করে খাওয়ালে পেটের পুরাণে অসুখ খুব তাড়াতাড়ি ভাল হয়।

- অরুচি - বড় পুষ্ট পেয়ারা ভাতে সিদ্ধ করে নেবার পর ছেকে বীজ বাদ দিয়ে ২/৩ চা-চামচ নিয়ে লবণ এবং চিনি মিশিয়ে মুখরোচক করে খেলে অরুচি থাকে না।

- অগ্নিমান্দ্য - যে কোন কারণে শরীরে কফের বিকার হলেই অগ্নিমান্দ্য হয়, এবং পিত্ত প্রধান হলে বিষমগ্নি হয়। এরকম অবস্থায় অল্প আহার গ্রহণ করলেও হজম হয় না। সেজন্য বায়ুপ্রধান অগ্নিমান্দ্য হয়। তখন পাকা পেয়ারা সিদ্ধ করে মেখে ছেকে ৩/৪ চা-চামচ মাত্রায় নিয়ে অল্প লবণ দিয়ে সকালে এবং বিকেলে দুইবেলা খেলে অগ্নিমান্দ্য দূর হয়।

- আমাশয় - আমাশয় (strong dysentery) হলে পেয়ারা গাছের ছাল (ওপরের পাতলা ছালটা বাদ দিয়ে) ৪/৫ কাপ জলে সিদ্ধ করে ১ কাপ থাকতে নামিয়ে ছেকে সকাল সকাল কিছুদিন খেলে আমাশয় ভাল হয়।

- পোরা ঘায়ে - কচি পেয়ারা আর কোমল পাতা একসাথে বেটে ৫০/৬০ গ্রাম সর্বের তেলে ভেজে ছেকে একটা বোতলে ভরিয়ে রাখতে হয়। এই তেল পোরা ঘায়ে লাগালে তো আরাম পাবেই, এর উপরেও অন্যান্য ঘাঁতে লাগালেও ভাল হয়।

- পায়োরিয়া - বহুদিনের পুরাণো দাঁতের ব্যাথা, পুঁজ হয়, মাঝে মাঝে রক্ত পরে এবং মুখে দুর্গন্ধ হয়েই থাকে। সেক্ষেত্রে ৫/৬ টা কচি পেয়ারার পাতা ২/৩ কাপ জলে সিদ্ধ করে দেড় কাপ থাকতে নামিয়ে ছেকে মুখে নিয়ে ৫/৭ মিনিট কুলি করলে এই পায়োরিয়াজনিত অসুবিধাগুলো দূর হয়।

### চালতা :

- কচি চালতা ফলের রস চিনি আর জলের সাথে মিশিয়ে সরবত করে খেলে জ্বর এবং কাসি ভাল হয়।

- মুচ্ছরোগ - মুচ্ছা হলে কাঁচা চালতার রস ২ চা চামচ সকালে এবং ২ চা চামচ বিকেলে এক চতুর্থাংশ কাপ জলে মিশিয়ে প্রতিদিন ২ বার খেতে হয়। এভাবে অল্পদিন খেলে মুচ্ছাজনিত অসুবিধাটা দূর হয়।

- দুর্বল হলে - এমনিতে শারীরিক কোন গোলমাল নেই মনে হলেও রস ধাতুর ক্ষয় হওয়ার জন্য শরীর ভিতর থেকে দুর্বল হয়ে পরে এবং শক্তিহীন যেন লাগে। এই অবস্থায় পাকা চালতার রস ২ চা চামচ আধা কাপ জলে মিশিয়ে খালী পেটে খেলে ভাল ফল পাওয়া যায়।

- খাদ্যে বিষক্রিয়া হলে (food poisoning) - খাদ্যে বিষক্রিয়াতে আক্রান্ত ব্যক্তির বমি, পাতলা পায়খানা, পেটের ব্যাথা হয়ে থাকলে চালতা গাছের শিকড়ের ছালের রস ২ চা চামচ ২/৩ ঘণ্টা পরে পরে দুই তিনবার জলের সাথে খাওয়ালে এই বিষক্রিয়ার উপসর্গগুলি নষ্ট হয়।

- মচকা খেলে - চালতা গাছের পাতা এবং মূলের ছাল সমপরিমাণ নিয়ে একসাথে বেটে/পাটায় পিষে অল্প গরম করে মচকা খাওয়া জায়গায় প্রলেপ দিতে হয়। দুই একবার প্রয়োগ করলেই মচকাজনিত ব্যাথা দূর হয়।

- ফোঁড়া - যে ফোঁড়া পাকেও না এবং ফাটেও না, সে স্থলে পাকা চালতা বেটে অল্প গরম করে লাগালে ফোঁড়া ফেটে যায়। পরে যথাযথ ঔষধ প্রয়োগ করলে ভাল হয়ে যায়।

### পানমৌরী :

- অজীর্ণ বা পেটে গ্যাস হলে - পানমৌরী ৫ গ্রাম নিয়ে ২ কাপ জলে সিদ্ধ করে এক কাপ থাকতে নামিয়ে ছেকে সকালে এবং বিকেলে খেলে উপকার হয়।

- অল্প ভেজে পানমৌরী দিনে দুইবার অল্প অল্প করে খেলে অজীর্ণতা দূর হয়, ক্ষিদে পায় এবং পেটের বায়ুজনিত রোগের নিরাময় হয়।

- শ্লেষ্মার বিকার হলে যারা মাথাব্যথা ও চোখের ব্যাথা অনুভব করেন, তাদেরকে ভাজা পানমৌরী চূর্ণ ১ গ্রাম মাত্রায় সকালে এবং বিকেলে দুইবেলা জলের সাথে খাওয়ার পরামর্শের উল্লেখ শাস্ত্রে আছে। এভাবে কিছুদিন খেলে এই সমস্যা দূর হয়।

### মুগ :

- জ্বর হলে - ১৫ গ্রাম পরিমাণ মুগ ৪/৫ কাপ জলে সিদ্ধ করে তাতে ১ মুঠি খৈ দিয়ে ১ কাপ থাকতে নামিয়ে খেতে হয়। তাতে জ্বরও কমে এবং পেটের অসুখ থাকলে সেটাও ভাল হয়।

- রাতকানা - ২০/২৫ গ্রাম মুগ ৫/৬ কাপ জলে সিদ্ধ করে আন্দাজ ২ কাপ থাকতে নামিয়ে ছেকে জুসটুকু সকালে এবং বিকেলে অল্পদিন খেলে এই সমস্যাটো দূর হয়।

- অগ্নিমান্দ্যে - পিত্তবিকারের জন্য যদি অগ্নিবল হ্রাস হয় তবে সাধারণত বমি বমি ভাব হয় - এইক্ষেত্রে মুগের ঘন মিশ্রণ বা জুস উপরি উক্ত পদ্ধতিতে (রাতকাণা দ্রষ্টব্য) প্রস্তুত করে অল্প লবণ দিয়ে সকাল সকাল খেলে পিত্তবিকার দূর হয় আর অগ্নিবলও বৃদ্ধি পায়।

### তিল :

- পাথুরী রোগে - প্রস্রাবের অতিরিক্ত জ্বালা যন্ত্রণা এবং প্রস্রাব যদি ১/২ ফোটা মাত্র হয় তখন তিলগাছের কাণ্ড সিদ্ধ করে স্কার ১ গ্রাম মাত্রায় নিয়ে ১ কাপ কাচা দুধের সাথে খেলে প্রস্রাবও পরিষ্কার হয় এবং পাথর

(stone) থাকিলে সেইটোও প্রস্রাবের সাথে বেরিয়ে যায়।

- অর্জীর্ণে - মাংস খেয়ে অর্জীর্ণ হ'লে তিলগাছের কাণ্ডের ক্ষীর আধা গ্রাম মাত্রায় দুপুরে ও রাতে ভাত খাওয়ার পর জলসহ খেয়ে দিলে এই সমস্যা দূর হয়।

- দাঁতের ব্যাথা - যাদের দাঁতে কিছু একটা লাগলেই শিরশিরানি ভাব হয় সাথে ব্যাথাও থাকে তাদের প্রতিদিন সকালে ৮/১০ গ্রাম কালতিল বাটা জলসহ খেয়ে নিলে উপকার পাবে।

### ধন্যা বা ধনে :

- শরীরে জ্বালা ভাব - দিনরাত শরীরের ভিতর এবং বাহিরে যদি জ্বালা জ্বালা বোধ হয়, সেরকম অবস্থায় ৫৫৬ গ্রাম ধনে একাপ গরম জলে রাতে ভিজিয়ে রেখে সকালে ছেকে খালিপেটে খেতে হয়।

- পিপাসায় - বার বার পিপাসা লাগলে ধনে গাছের ডাটি ৭/৮ ইঞ্চি নিয়ে, ধনে এক চা চামচ, অলপ খেতেলে ১ কাপ গরম জলে ৩/৪ ঘণ্টা ভিজিয়ে রেখে ২/৩ চা-চামচ করে বারে বারে খেলে পিপাসা নিবৃত্তি হয়।

- পেট কামড়ালে - যে কোন কারণেই হোক, পেট কামড়ালে ধনে এবং যবধান সমান পরিমাণে নিয়ে জলের সাথে বেটে পেটে প্রলেপ দিলে আরাম পাওয়া যায়।

- চুলপরা বা খুসকি হ'লে - ২০০ গ্রাম খাঁটি তিল তেলের সাথে ৭/৮ চামচ ধনে অল্প গুড়া করে ভিজিয়ে রাখতে হবে। ৭/৮ দিন পর সেই তেল মাথায় মাখলে চুল পরা এবং খুসকি দুইটাই বন্ধ হয়।

### নারিকেল :

- মূত্রকৃচ্ছতা - অর্জীর্ণজনিত কারণে প্রস্রাব পরিষ্কার না হ'লে, ফোটা ফোটা প্রস্রাব হ'লে ১/২ টা কচি ডাবের জল ৪/৫ দিন খেলে এই অসুবিধাটা আর থাকে না।

- আমাশয়ে কৃমি - ভালকরে প্রতিদিন পায়খানা না হ'লে রসবহ স্রোতের উৎস আমাশয়ে এক ধরণের কৃমি বা ব্যাকটেরিয়ার সৃষ্টি হয় যার ফলে পেটে বায়ু সৃষ্টি হয়ে পেট ফুলে থাকে। এক্ষেত্রে কষা এবং লবণাক্ত স্বাদযুক্ত ভাবের জল ভাল খাওয়ার পর খেলে সেই কৃমি ব্যাকটেরিয়া গুলি ধ্বংস হয় এবং রোগীও আরাম পায়।

- প্রোস্টেট গ্লান্ডের স্ফীতিতে বা ফুলে উঠলে প্রস্রাব ১ ফোটা ২ ফোটা করে পরে, এক্ষেত্রে নারিকেল গাছের শিকড়ের রস বের করে ১ চামচ করে সকালে এবং বিকেলে দুধের সাথে ৭/৮ দিন খেলে উল্লেখযোগ্য উপকার পাওয়া সম্ভব।

এভাবে প্রাকৃতিক সম্পদের অবদান আমরা অস্বীকার করতে পারি না। আরও যে কত ঔষধের কথা মনে আসছে তা বলে বা লিখে শেষ করতে পারব না। আমাদেরই আশে পাশে এভাবে বেড়ে ওঠা বিভিন্ন ছোট বড় গাছ-গাছড়া, শিকড়, লতা, পাতা, ফুল ইত্যাদি বিভিন্ন রোগের জন্য মহৌষধ বলে পরিগণিত হয়। এমনকি আজও আমাদের গ্রামাঞ্চল ছোট বড় রোগের চিকিৎসা গ্রামবাসীগণ নিজের ঘরের বনজ ঔষধের দ্বারাই করে থাকে।

আমরা জানি — 'Nature is the best employer'. আমাদের যুবশ্রেণী এই সকল গাছের খেতি করে লাভবান হতে পারেন। তাদের প্রত্যেকটি বনৌষধির ব্যবহারিক প্রয়োগ এবং ঔষধি গুণাগুণের জ্ঞান না থাকলেও কোন ক্ষতি নেই। তাহার উৎপাদনে সাহায্য করলেই হ'ল। প্রসঙ্গতে উল্লেখ করতে চাই — আমরা আসামবাসী খুব ভাগ্যবান কেননা আমাদের উত্তর পূর্বাঞ্চল Bio-diversityর দিক থেকে একটা শ্রেষ্ঠ স্থান দখল করে আছে। এখানে দুর্বা গাছ থেকে তাল, তমাল, বট, অশথ প্রভৃতি সকল গাছই ঔষধি গুণযুক্ত। বেদের যুগ অথবা তার আগে থেকেই আমাদের দেশে বনৌষধির দ্বারা বিভিন্ন চিকিৎসা চলে আসছে। এই সম্পর্কে এখানে বহুত গবেষণা করার সুযোগ আছে। যুগ যুগান্তর ধরে চলে আসা আয়ুর্বেদ শাস্ত্রের পুংখানুপুংখরূপে অনুশীলন করে বনৌষধির বিষয়ে বিশেষ অধ্যয়নের দ্বারা তার উৎপাদন বৃদ্ধি করে আমরা মানুষকে বিনামূল্যে সেবা প্রদান করতে পারি।

সুতরাং দেখা গেল যে, আসামের প্রায় প্রতিটি গাছই বনৌষধি। প্রকৃতি অকপটে বিনামূল্যে আমাদের বনৌষধি দান করে এসেছে। আমাদের কেবলমাত্র সেইগুলির সদ্ব্যবহার করতে লাগবে। আমাদের আশে পাশে থাকা অশথ, বট, অশোক, রক্তচন্দন, রিঠা (শিকাকাই), পাথরকুচি, তুলসী, দুর্বা, বকুল, আম, কলা, সব গছের একসাথে উল্লেখ করা সম্ভব নয়। তথাপি আমি পরবর্তী পর্যায়ে সকল প্রকার বনৌষধির বিষয়ে বিস্তৃত উল্লেখ করার চেষ্টা করব। এইরকম আরও বহু গাছ-গাছড়া আছে যেগুলি কোন না কোন ভাবে আমাদের সুস্থ রাখতে সাহায্য করে। সেইজন্য প্রকৃতিকে আমাদের সর্বান্তঃকরণে আন্তরিকতার সাথে রক্ষা করা কর্তব্য।

সহায়ক গ্রন্থপুঞ্জী :

- ১। চিরঞ্জীব বনৌষধি - আয়ুর্বেদাচার্য শিবকালী ভট্টাচার্য (Vol. I-II)  
আনন্দ পাবলিশার্স প্রা. লি. কলিকাতা, ১৪০২ বঙ্গাব্দ।
- ২। সংস্কৃত সাহিত্যের বুরঞ্জী - হরমোহন দেব গোস্বামী, শান্তনু অবছেট  
প্রিন্টার্স, কলিকাতা, ২০০২।
- ৩। বনৌষধির ডায়েবেটিস্ চিকিৎসা - ড° গুণরাস খনিকর, নেচনেল  
টেকনো প্রিন্টার্স, গুরাহাটী, ২০০৮।
- ৪। আয়ুর্বেদ জড়ী-বুটী রহস্য-আচার্য বালকৃষ্ণ, দিব্যপ্রকাশ, পতঞ্জলি  
যোগপীঠ, ২০০৮।
- ৫। চরক সংহিতা - আর. কে. শর্মা, ভগবান দাস, চৌখাম্বা সংস্কৃত সিরিজ,  
বারানসী, Vol. I, ২০০৬।

